

শিক্ষামন্ত্রী জানালেন

এ বছরও হবে না জেএসসি পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক

৬ জুন ২০২২ ১২:০০ এএম।

আপডেট: ৬ জুন ২০২২

০১:২০ এএম



advertisement

চলতি বছরও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। তিনি আরও বলেন, নতুন শিক্ষাক্রম অষ্টম শ্রেণিতে বাস্তবায়ন শুরু হবে ২০২৪ সালে। নতুন শিক্ষাক্রমে জেএসসি পরীক্ষা নেই। সুতরাং আগামী বছরও (২০২৩ সালে) জেএসসি পরীক্ষা নেওয়ার কোনো কারণ নেই।

গতকাল রবিবার মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের

আওতায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শূন্য পদে নিয়োগ দেওয়ার বিষয় নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী দীপু মনি জানিয়েছেন, অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগের বিষয়টিও এনটিআরসিএর মাধ্যমে করার বিবেচনা করা হচ্ছে। দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের

সহকারী শিক্ষক নিয়োগ এখন বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অধীন কেন্দ্রীয় পরীক্ষার মাধ্যমে হয়। এর ফলে নিয়োগের ক্ষেত্রে আর্থিক লেনদেনের অভিযোগ প্রায় নেই। কিন্তু স্কুল-কলেজের অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগের বিষয়টি এখনো পরিচালনা কমিটির হাতে রয়ে যাওয়ায় এসব পদে নিয়োগে অধিকাংশ ক্ষেত্রেই ঘুষ দিয়ে নিয়োগ পেতে হয়।

এদিকে দীর্ঘ যাচাই-বাছাই শেষে এ সপ্তাহেই নতুন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার ঘোষণা করা হবে। ২০১৯ সালে যত শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হয়েছিল, এবারও তার কাছাকাছি সংখ্যক প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হবে। ২০১৯ সালে ২ হাজার ৭৩০টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছিল।

দেশের বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্যপদের বিপরীতে ১১ হাজার ৭৬৯ জন শিক্ষক নিয়োগের সুপারিশ করে। বিশেষ গণবিজ্ঞপ্তি ও অপেক্ষমাণ তালিকা থেকে এ শিক্ষক নিয়োগের ফল প্রকাশ করা হয়েছে।

এদিকে চলতি বছর থেকেই প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (পিইসি) না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিষয়টি চূড়ান্ত হয়েছে সম্প্রতি মন্ত্রণালয়ের এক সভায়। সংশ্লিষ্টরা জানিয়েছেন শিগগিরই বিষয়টি জানিয়ে মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হবে।